

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়  
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ  
(NTRCA)  
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ তলা), ৩৭/৩/এ,  
ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।  
www.ntrca.gov.bd

তারিখ: ৪ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ  
১৯ আগস্ট ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৩৭.০৫.০০০০.০০০.০১০.০৯.০০০১.২৫.৯১১

বিষয়: সপ্তদশ শিক্ষক নিবন্ধন মৌখিক পরীক্ষার ফলাফল পুনঃমূল্যায়ন ও নিয়োগ প্রদান প্রসঙ্গে।  
সূত্র: তাঁর ০৭.০৮.২০২৫ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে তাঁর জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, ২০০৫ সনের ১ নং আইন ‘বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন আইন, ২০০৫’ এ প্রদত্ত ক্ষমতাবলে প্রণীত ‘বেসরকারি শিক্ষক নিবন্ধন পরীক্ষা গ্রহণ ও প্রত্যয়ন বিধিমালা, ২০০৬ (সংশোধিত)’ এর বিধি ৩ অনুযায়ী বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) শিক্ষক নিবন্ধন পরীক্ষা গ্রহণ করে। গৃহীত শিক্ষক নিবন্ধন পরীক্ষায় চূড়ান্তভাবে উত্তীর্ণ (প্রিলিমিনারি টেস্ট, লিখিত পরীক্ষা ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ) প্রার্থীদের বেসরকারি শিক্ষক নিবন্ধন পরীক্ষা গ্রহণ ও প্রত্যয়ন বিধিমালা, ২০০৬ (সংশোধিত) এর বিধি ১০ অনুযায়ী শিক্ষক নিবন্ধন প্রত্যয়নপত্র প্রদান করা হয়।

০২। বেসরকারি শিক্ষক নিবন্ধন পরীক্ষা গ্রহণ ও প্রত্যয়ন বিধিমালা, ২০০৬ (অধিকতর সংশোধিত) এর বিধি ৯ এর উপবিধি (৪)(খ) তে উল্লেখ রয়েছে “প্রিলিমিনারি, লিখিত ও মৌখিক পরীক্ষার উত্তরপত্র পুননিরীক্ষণ বা পুনপরীক্ষণের কোন আবেদন গ্রহণ করা হইবে না এবং এতদসংক্রান্ত কোন তথ্য প্রার্থী বা তাহার প্রতিনিধিকে প্রদর্শন বা প্রদান করা হইবে না”। সেপ্রেক্ষিতে জনাব মোঃ কুরবান আলী এর সপ্তদশ শিক্ষক নিবন্ধন পরীক্ষা ২০২০ এর মৌখিক পরীক্ষার ফলাফল পুনঃমূল্যায়নের সুযোগ নাই।

০৩। বেসরকারি শিক্ষক নিবন্ধন পরীক্ষা গ্রহণ ও প্রত্যয়ন বিধিমালা ২০০৬ (সংশোধিত) এর ৮(১)(গ) বিধি অনুযায়ী শিক্ষক নিবন্ধন লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক গ্রহণ করার নির্দেশনা রয়েছে। নির্দেশনা মোতাবেক জনাব মোঃ কুরবান আলী এর মৌখিক পরীক্ষা বিষয় বিশেষজ্ঞ, বিভাগীয় বিশেষজ্ঞ ও সভাপতির সমন্বয়ে গঠিত ০৩ (তিন) সদস্য বিশিষ্ট মৌখিক পরীক্ষার বোর্ড কর্তৃক গ্রহণ করা হয়েছে। মৌখিক পরীক্ষার উক্ত বোর্ড কর্তৃক প্রদত্ত নম্বরের ভিত্তিতে শিক্ষা মন্ত্রণালয়স্থ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের বেসরকারি মাধ্যমিক-২ শাখা হতে ১৩ ডিসেম্বর ২০১৮ তারিখে জারিকৃত ৩৭.০০.০০০০.০৭৩.০৮.০০৬.১৬-৪২৭ সংখ্যক স্মারকপত্রের নির্দেশনা মোতাবেক চূড়ান্ত ফলাফল প্রস্তুত ও প্রকাশ করা হয়েছে। কিন্তু জনাব মোঃ কুরবান আলী মৌখিক পরীক্ষায় কৃতকার্য হতে পারেননি। আইন ও বিধি অনুযায়ী শুধু কৃতকার্য প্রার্থীগণই সম্মিলিত জাতীয় মেধা তালিকায় অন্তর্ভুক্ত হতে পারেন। যেহেতু জনাব মোঃ কুরবান আলী মৌখিক পরীক্ষায় কৃতকার্য হয়নি, সেহেতু জনাব মোঃ কুরবান আলী-কে সম্মিলিত জাতীয় মেধাতালিকায় অন্তর্ভুক্ত করার আইনগত কোন সুযোগ নাই। সম্মিলিত জাতীয় মেধাতালিকায় অন্তর্ভুক্তি ব্যতীত কোনো প্রার্থীর নিয়োগ সুপারিশ বিজ্ঞপ্তিতে ই-অ্যাপলিকেশনে আবেদন করার আইনগত কোন সুযোগ নাই।

০৪। বিষয়টি নির্দেশক্রমে অবহিত করা হলো।

F/Amel

১৯-০৮-২০২৫

ফিরোজ আহমেদ

সহকারী পরিচালক (পরীক্ষা মূল্যায়ন ও  
প্রত্যয়ন-১)

জনাব মোঃ কুরবান আলী

পিতা: মোঃ আবু বক্কর, আকুবাড়ী, মৌগাছি, মোহনপুর, রাজশাহী।

স্মারক নম্বর: ৩৭.০৫.০০০০.০০০.০১০.০৯.০০০১.২৫.৯১১/১ (৩)

তারিখ: ৪ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ  
১৯ আগস্ট ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সদস্য (যুগ্মসচিব), পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন, এনটিআরসিএ, ঢাকা।
- ২। সহকারী প্রোগ্রামার, এনটিআরসিএ, ঢাকা (পত্রটি এনটিআরসিএ-এর ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।
- ৩। পি.এ টু চেয়ারম্যান, এনটিআরসিএ, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।



F. Ahmed

১৯-০৮-২০২৫

ফিরোজ আহমেদ

সহকারী পরিচালক (পরীক্ষা মূল্যায়ন ও  
প্রত্যয়ন-১)